# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 JULY 2026** **7:45—7:55 PM**

---

(১) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার বিশ্ব জনসংখ্যা দিবসে পরিবার পরিকল্পনার প্রয়োজনীয়তা এবং স্বাস্থ্যবান পরিবার বহনক্ষম উন্নয়ন ও উন্নত সমাজ গঠনের মূল ভিত্তি বলে মন্তব্য/

(২) কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের নতুন প্রজন্মকে গ্রন্থাগারের সঙ্গে সংযোগ স্থাপনের আহ্বান/

(৩) দেশে পরম্পরাগত প্রতিরক্ষা সামর্থ্য এবং অত্যাধুনিক প্রযুক্তি সুদৃঢ় করে শক্তিশালী ও আত্মনির্ভর প্রতিরক্ষা বাহিনী গঠনের প্রক্রিয়া অব্যাহত রাখা হয়েছে বলে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংয়ের প্রকাশ/

এবং

(৪) কাছাড় পুলিশের এক অভিযানে গুমড়া থানার অর্ন্তগত কাশীবন ক্রেইগপার্ক রোড থেকে এক হাজার ৪৯০ বান্ডিল বিদেশী সিগারেট বাজেয়াপ্ত/

------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা বলেছেন যে- বিশ্ব জনসংখ্যা দিবসে পরিবার পরিকল্পনার প্রয়োজনীয়তা ও স্বাস্থ্যবান পরিবার বহনক্ষম উন্নয়ন ও উন্নত সমাজ গঠনে সহায়তা করে । আজ সামাজিক মাধ্যমে তিনি সকলের প্রতি স্বাস্থের প্রতি সতর্ক থাকা সহ যত্নশীল হতে এবং শক্তিশালী ও সমৃদ্ধ ভারত গঠনের প্রতি আহ্বান জানান । আজ বিশ্ব জনসংখ্যা দিবস দিবস উপলক্ষে শ্রী নাড্ডা জনসাধারণের প্রতি এই আহ্বান জানিয়ে বলেন যে প্রতি বছর কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ বিশ্ব জনসংখ্যা দিবসে সুস্বাস্থ্য তথা গর্ভবতী মা ও সন্তানের সুসাস্থের প্রতি অভিযান চালনো হয় ।

------------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন করা হয়েছে । শিলচরের সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতালে ‘একটি স্বাস্থ্যবান পরিবার, একটি সম্বৃদ্ধ জাতি’ এই শীর্ষকে আয়োজিত এই দিবসে জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবার পরিকল্পনা, স্বাসথ্যবান শিশু এবং সামূহিক অংশগ্রহণের মাধ্যমে একটি স্বাস্থ্যকর ও বহনক্ষম ভবিষ্যতের উপর গুরুত্ব আরোপ করা হয় । কাছাড় জেলা স্বাস্থ্য সমিতির উদ্যোগে আয়োজিত এই দিবসের অনুষ্ঠানে জেলার চিকিৎসা ও স্বাস্থ্যসেবার সঙ্গে যুক্ত আধিকারিকরা, স্বাস্থ্য কর্মী ও এই ক্ষেত্রের প্রথমসারির কর্মীবৃন্দ, আশা কর্মীরা, এ এন এম সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা অংশগ্রহণ করেন । এই অনুষ্ঠানে ছোট পরিবারের মাধ্যমে উন্নত ভবিষ্যত গঠনের লক্ষ্যে সচেতনতা গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করা হয় ।

বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে লায়ন্স ক্লাব অব লালা’র উদ্যোগে এবং মেডিট্রাস্ট ডায়াগনোস্টিক সেন্টার এবং আসাম ড্রাগসের সহযোগিতায় আজ লালার কাছিমুল উলুম মাদ্রাসার সভাকক্ষে এক সচেতনতামূলক সভা, বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও ওষুধ বিতরণ শিবির অনুষ্ঠিত হয়েছে । লায়ন্স ক্লাব অব লালার সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে অনুষ্ঠিত আজকের কর্মসূচিতে সমাজের বিভিন্ন স্তরের জনসাধারণ অংশগ্রহণ করেন । এই উপলক্ষে আয়োজিত সচতনতা সভায় বিভিন্ন বক্তা বলেন যে- জনসংখ্যা বৃদ্ধি, জনস্বাস্থ্য, শিক্ষা, পরিবেশ বহনক্ষম উন্নয়নের মধ্যে নিবিড় সম্পর্ক রয়েছে । তারা পরিকল্পিত পরিবার, মা ও শিশুর স্বাস্থ্য, নারীশিক্ষা, কিশোর-কিশোরীদের স্বাস্থ্য সচেতনতা এবং দায়িত্বশীল পারিবারিক মূল্যবোধ গড়ে তোলার মাধ্যমে একটি সুস্থ ও সম্বৃদ্ধ সমাজ নির্মাণ সম্ভব বলে মত প্রকাশ করেছেন । এরপর আয়োজিত স্বাস্থ্য শিবিরে বিশিষ্ট চিকিৎসক ডাঃ গৌরীদাস সিংহ শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় জনসাধারণের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ দেন ।

শ্রীভূমিতে জাতীয় স্বাস্থ্য মিশন এবং আইপাস ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের সহযোগিতায় আজ করিমগঞ্জ সিভিল হাসপাতালের সম্মেলন কক্ষে বিশ্ব জনসংখ্যা দিবস পালন করা হয়েছে । এই অনুষ্ঠানের মূল্য উদ্দেশ্য ছিল- মা ও শিশুদের সুস্বাস্থ্য সুনিশ্চিত করতে এবং গর্ভধারণ প্রতিরোধে ও গর্ভধারণের মধ্যে স্বাস্থ্যসম্মত সময়ের ব্যবধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা । এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রীভূমি স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডাঃ মতীন্দ্র সূত্রধর । এছাড়াও জেলার স্বাস্থ্য ও চিকিৎসা বিভাগের বিভিন্ন উচ্চপদস্থ আধিকারিকরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে বিভিন্ন বক্তা পরিবার পরিকল্পনা, মাও শিশুর স্বাস্থ্য ইত্যাদি বিষয়ে

প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । এতে শ্রীভূমি শহর এলাকার আশা কর্মী এবং মহিলা আরোগ্য সমিতির সদস্যরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন । এছাড়া অনুষ্ঠানে পরিবার পরিকল্পনার বিষয়ে সবচেয়ে বেশি উদ্বুদ্ধ করা জেলার আশা কর্মীদের মধ্যে তিনজনকে সম্মাননা প্রদান করা হয়েছে ।

ডিমাহাসাও জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে এই দিবস পালন করা হয়েছে । ডিমা হাসাও স্বাস্থ্য সমিতির উদ্যোগে হাফলঙে আজ এই দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা স্বাস্থ্যসেবার যুগ্ম সঞ্চালক ডাঃ লিনা হাকমাওসা । এতে মুখ্য বক্তা হিসেবে উপস্থিত জেলার ভারপ্রাপ্ত অতিরিক্ত মুখ্য চিকিৎসা ও স্বাস্থ্যসেবা আধিকারিক ডাঃ মারিনা এল চাংসান পরিবার পরিকল্পনা, শিশু স্বাস্থ্য ইত্যাদি নিয়ে বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ যেকোনো ব্যাক্তির ব্যাক্তিত্ব গড়ার ক্ষেত্রে গ্রন্থাগারের ভূমিকায় আলোকপাত করে  নব প্রজন্মকে গ্রন্থাগারের সংগে সংযোগ স্থাপনের জন্য আহ্বান জানিয়েছেন । নতুনদিল্লীতে আজ জয়প্রকাশ নারায়ণ সরকারী গ্রন্থাগারের উদ্ভোধন করে শ্রী শাহ বলেন যে লোকনায়ক জয়প্রকাশ নারায়ন হচ্ছেন একজন মহান স্বাধীনতা সংগ্রামী , চিন্তাবিদ , ও জাতীয় নেতা যিনি দেশের জন্য উল্লেখযোগ্য অবদান রেখে গেছেন । দেশ ও দেশের জনসাধারণকে বোঝার জন্য অধ্যয়ন অতি প্রয়োজনীয় বলে তিনি উল্লেখ করেন । দেশ গঠনে গ্রন্থাগারের ভূমিকায় আলোকপাত করে স্বরাষ্ট্র মন্ত্রী বলেন যে আধুনিক শিক্ষার সমান্তরালভাবে জনসাধারণের মধ্যে দেশের সংস্কৃতি ও জ্ঞানকে একত্রীকরণের ক্ষেত্রে গ্রন্থাগার হচ্ছে শক্তিশালী মাধ্যম ।শ্রী শাহ বলেন যে দেশ গঠনে অবদান যোগানো ও দেশকে গৌরবান্বিত করা সকল কাজ ই জ্ঞানের সংগে সম্পর্কিত ও গ্রন্থাগারসমূহ এধরণের জ্ঞানের  অতি প্রয়োজনীয় উৎস্য । সরকার ছাত্র ছাত্রীদের অধ্যয়নের প্রতি উৎসাহিত  করতে গ্রন্থাগারগুলিকে বিদ্যালয়ের সংগে সংযোগ করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে বলে শ্রী শাহ জানান ।

---------------------------------------------------------------------------------------

দেশে পরম্পরাগত প্রতিরক্ষা সামর্থ ও অত্যাধুনিক প্রযুক্তি সুদৃঢ করে শক্তিশালী , আত্মনির্ভর ও ভবিষ্যতের জন্য সক্ষম প্রতিরক্ষা বাহিনী গঠন প্রক্রিয়া অব্যাহত রাখা হয়েছে বলে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং প্রকাশ করেছেন । বিশাখাপত্তনমে আজ আই এন এস মহেন্দ্রগিরি নামের সেভেন্টিন এ প্রকল্পের অধীনে স্থানীয়ভাবে নির্মিত ষষ্ঠ যুদ্ধ জাহাজ নৌসেনা বাহিনীতে আনুষ্ঠানিকভাবে অর্ন্তভূক্তির অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মন্ত্রী এই মন্তব্য করেন । তিনি বলেন যে ভবিষ্যতের  যুদ্ধে কৃত্তিম বুদ্ধীমত্তা ও অন্য নতুন

প্রযুক্তি ব্যবহার হোয়ার সম্ভাবনা রয়েছে যদি ও দৃঢ সংকল্প , অদম্য সাহস ও সামরিক শক্তির জন্য যুদ্ধে জয়লাভ করা যায় । তিনি বলেন যে মহেন্দ্রগিরি নামের জাহাজ অর্ন্তভূক্তি দেশের সামুদ্রিক শক্তি ও স্থানীয় প্রতিরক্ষা সামর্থ সুদৃঢ করার দিকে এক গুরুত্বপূর্ন মাইল ফলক হিসেবে পরিগণিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য, গ্রাহক পরিক্রমা ও সমবায় বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ আগরতলায় ত্রিপুরা সরকারের খাদ্য, গ্রাহক পরিক্রমা এবং অসামরিক সরবরাহ বিভাগের মন্ত্রী সুশান্ত চৌধুরীর সঙ্গে এক বৈঠকে অংশগ্রহণ করেন । এই বৈঠকে খাদ্য সুরক্ষা ও গণবন্টন ব্যবস্থাকে আরো ফলপ্রসূ করার পাশাপাশি জনকল্যাণমূলক প্রকল্প রূপায়ণ , জনসেবার পরিসর সম্প্রসারণ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয় । উভয় মন্ত্রী বৈঠকে দুটি রাজ্যে এই সংক্রান্ত অভিজ্ঞতা ও পরিস্থিতি সম্পর্কে আলোচনা করেন । বৈঠক শেষে শ্রী রাই বলেন যে- আন্তঃরাজ্য সহযোগিতা ও পারস্পরিক শিক্ষার মাধ্যমে জনকল্যাণমূলক সেবাসমূহকে জনসাধারণের কাছে পৌছে দেবার সুবিধা হবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সমন্বিত প্রচেষ্টায় এবং আন্তঃরাজ্য সহযোগিতার মাধ্যমে অন্ত্যোদয় প্রকল্পের লক্ষ্য সার্থক করার দিকে সরকার দৃঢ়প্রতিজ্ঞ বলে তিনি মন্তব্য করেন । খাদ্য ও গ্রাহক পরিক্রমা সম্পর্কিত বিষয়গুলি আরো সুসংহতভাবে রূপায়ণ করার পাশাপাশি আসাম ও ত্রিপুরার মধ্যে সহযোগিতামূলক সম্পর্ক আরো শক্তিশালী করার ক্ষেত্রে এই বৈঠক ইতিবাচক ভূমিকা গ্রহণ করবে বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ অবৈধ পাচার বিরোধী অভিযানে ৩০ লক্ষ টাকা মূল্যের ১ হাজার ৪৯০ বান্ডিল বিদেশী সিগারেট উদ্ধার করেছে ।গতকাল এই অভিযানে একটি বিলাসবহুল গাড়ি ও জব্দ করা হয়েছে ।এই ঘটনায় জড়িত থাকার অভিযাগে এপর্যন্ত একজনকে গ্রেপ্তার করা হয়েছে । নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে গতকাল বিকেলে গুমরাহ থানার পুলিশ দিগরখালের কাশিবন ক্রিক পার্ক রোড এলাকায় এই বিশেষ অভিযান চালিয়ে বৃহৎ পরিমানের বিদেশী সিগারেট উদ্ধার করে । এদিকে পুলিশ এই ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে ।

কাছাড়ের পুলিশ আধিকারিক মানস শইকিয়া জানান ---

বাইট

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার বদরপুর ব্লক কার্যালয়ে চতুর্দ্দশ ও পঞ্চদশ কমিশনের অধীন বিভিন্ন উন্নয়নমুলক প্রকল্পের অগ্রগতি নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় । ব্লক উন্নয়ন আধিকারিক সুমন বরার পৌরহিত্যে অনুষ্ঠিত এই সভায় উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের বিধায়ক জাকারিয়া আহমেদ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের বর্তমান অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করেন । সভায় সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীদের জনকল্যানমূলক প্রকল্পগুলি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা সহ গণগত মান বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন ।

-----------------------------------------------------------------------------------------

ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগীতার একটি কোয়ার্টার ফাইনালে আজ রাতে নরোয়ে ইংল্যান্ডের বিরুদ্ধে অবতীর্ন হবে । মায়ামী ষ্টেডিয়ামে ভারতীয় সময় অনুযায়ী রাত আড়াইটায় এই খেলা অনুষ্ঠিত হবে । এদিকে ভারতীয় সময় অনুযায়ী আগামীকাল সকাল সাড়ে ছটায় অনুষ্ঠেয় অন্য আরেকটি কোয়ার্টার ফাইনালে গতবারের চ্যাম্পিয়ন আর্জেন্টিনা সুইজাল্যান্ডের বিরুদ্ধে অবতীর্ন হবে ।

স্পেন ও ফ্রান্স ইতিমধ্যে প্রতিযোগীতার সেমিফাইনালে প্রবেশ করেছে । স্পেন গতরাতে বেলজিয়ামকে ২-১ গোলের ব্যবধানে পরাজিত করে । এবং ফ্রান্স মরক্কোকে ২-০ গোলে পরাজিত করে সেমিফাইনালে প্রবেশ করেছে ।

-----------------------------------------------------------------------------------------